



# দুর্নীতি দমন কমিশন

ঢাকা, বাংলাদেশ

“সবাই মিলে গড়ব দেশ,  
দুর্নীতি মুক্ত বাংলাদেশ”

স্মারক নং- দুদক/প্রতিরোধ/শ্রেষ্ঠ/৪৯/১৬/৪৩৭০০(১১৪)

তারিখ: ২৭/১০/২০১৬ খ্রি.

বিষয়: শ্রেষ্ঠ মহানগর, জেলা ও উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি নির্বাচন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দুর্নীতি দমন কমিশন দুর্নীতি প্রতিরোধ ও গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে দেশব্যাপি বিভিন্ন কর্মকান্ড পরিচালনা করে আসছে। উক্ত কার্যক্রম পরিচালনার জন্য দুর্নীতি দমন কমিশনের সার্বিক তত্ত্বাবধানে ঢাকার ০৮ টি আঞ্চলিক মহানগর, চট্টগ্রামে ০১ টি মহানগর, বাংলাদেশের অন্যান্য সকল জেলা ও উপজেলায় দুর্নীতি প্রতিরোধ কমিটি গঠন করা হয়েছে এবং এসব কমিটি দুর্নীতি প্রতিরোধ ও গণসচেতনতা সৃষ্টিতে উল্লেখযোগ্য ভূমিকা রাখছে।


২। কমিশন দুর্নীতি প্রতিরোধ কার্যক্রমকে আরো বেগবান করার লক্ষ্যে পূর্বের বছরের ন্যায় চলতি বছরেও দুর্নীতি প্রতিরোধ কার্যক্রমে অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ বিভাগ ভিত্তিক মহানগর, জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি ও উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির মধ্য থেকে “শ্রেষ্ঠ মহানগর/জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি- ২০১৬” এবং “শ্রেষ্ঠ উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি- ২০১৬” নির্বাচনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। এরূপ শ্রেষ্ঠ মহানগর/জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি ও উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি নির্বাচনের জন্য কমিশন নিম্নরূপ বাছাই কমিটি গঠন করেছে:

- সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার- আহবায়ক
- সংশ্লিষ্ট বিভাগীয় পরিচালক- সদস্য সচিব
- সংশ্লিষ্ট সজেকার উপপরিচালক- সদস্য
- সংশ্লিষ্ট জেলার জেলা শিক্ষা অফিসার/সচেতন নাগরিক কমিটি (সনাক) এর প্রতিনিধি/টি.আই.বি- এর জেলা প্রতিনিধি- সদস্য (বিভাগীয় কমিশনার মহোদয়ের মনোনয়ন মোতাবেক যে কোন একজন)

৩। এমতাবস্থায়, উপরোক্ত সিদ্ধান্তের আলোকে সংযুক্ত নীতিমালা অনুযায়ী “শ্রেষ্ঠ মহানগর/জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি- ২০১৬” এবং “শ্রেষ্ঠ উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি- ২০১৬” নির্বাচনের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করে অগ্রাধিকার ভিত্তিতে ০৮টি বিভাগের ০৮ (আট) টি শ্রেষ্ঠ মহানগর/জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি এবং ০৮ টি বিভাগের প্রতিটি বিভাগ হতে ০৩ (তিন) টি (১ম, ২য় ও ৩য় স্থান) শ্রেষ্ঠ উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি বাছাই করে আগামী ১৫/১/২০১৭ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ’ল।

সংযুক্ত: বর্ণনামতে- নীতিমালা- ০২ (দুই) পাতা।

বিভাগীয় কমিশনার  
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/  
সিলেট/রংপুর/ময়মনসিংহ।

  
২৭ ১০ ১৬  
(ড. মো: শামসুল আরেফিন)  
মহাপরিচালক  
(প্রতিরোধ ও গবেষণা)  
ফোন: ৯৩৫৮৯৫১

Email : dgprevention@ gmail.com

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :-

- সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
- মহাপরিচালক (সকল), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
- পরিচালক, দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী খুলনা/বরিশাল/সিলেট/রংপুর।
- সিস্টেম এনালিস্ট (আইসিটি), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
- জনসংযোগ কর্মকর্তা, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (দৈনিক জাতীয় পত্রিকায় বহুল প্রচারের অনুরোধসহ)।
- উপপরিচালক(সকল), দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, .....
- চেয়ারম্যানের একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় চেয়ারম্যান মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।
- কমিশনার অনুসন্ধান/তদন্ত- এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় কমিশনার অনুসন্ধান/তদন্ত মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।
- নির্বাহী পরিচালক, টি.আই.বি, মাইডাস সেন্টার, বাড়ি # ০৫, রোড # ১৬ (নতুন) ২৭ (পুরাতন), ধানমন্ডি, ঢাকা।
- জেলা শিক্ষা অফিসার (সকল).....।